

RBI/2015-16/436

FIDD.No.FSD.BC.27/05.10.001/2015-16

জুন 30, 2016

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক  
[সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক, (আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক ব্যতীত)]  
মহাশয়া/ মহাশয়

**প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত অঞ্চলে ব্যাঙ্কগুলির ত্রাণ কর্মসূচীর নির্দেশাবলী - বীমা বাবদ লব্ধ  
রাশির সঠিক ব্যবহার**

জুলাই 1, 2015 তারিখাঙ্কিত Master Circular FIDD.No.FSD.BC.01/05.10.001/2015-16 -এর  
অনুচ্ছেদ 6.13-এর বিধি অনুসারে, প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত অঞ্চলে ঋণ পুনর্গঠনের কালে, ব্যাঙ্কসমূহ  
যেক্ষেত্রে নতুন ঋণ মঞ্জুর করেছে সেক্ষেত্রে আবশ্যিকভাবে বীমা কোম্পানি থেকে বীমা বাবদ প্রাপ্য রাশি,  
যদি কিছু থাকে, তাকে 'পুনর্গঠিত অ্যাকাউন্টে' সমন্বিত(অ্যাডজাস্ট) করবো।

2. প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত অঞ্চলের কৃষকগণ যেসব সমস্যার সম্মুখীন হন সেদিকে খেয়াল রেখে,  
ব্যাঙ্কসমূহকে বিষয়টি নিয়ে সহমর্মীতার সাথে ব্যবস্থা নিতে এবং যেসব ক্ষেত্রে দাবি পূর্ণ হওয়ার গ্রহণযোগ্য  
নিশ্চয়তা আছে সেসব ক্ষেত্রে বীমা বাবদ দাবিকৃত রাশি গ্রহণের অপেক্ষা না করেই পুনর্গঠন তথা নতুন ঋণ  
মঞ্জুরির বিবেচনা করতে বলা হচ্ছে।

আপনার বিশ্বস্ত

(উমা শঙ্কর)

মুখ্য মহা প্রবন্ধক